

১০/১৫  
২১

## পানছড়ির ৫ সরকারি কুলে ৫ জন শিক্ষক

॥ পানছড়ি থেকে সংবাদমাত্র ॥  
খাগড়াছড়ি জেলার সীমান্তবর্তী পানছড়ি উপজেলার ৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাত্র ৫ জন শিক্ষক। এক হাজার ছাত্রছাত্রীর পাঠদান ব্যাহত হচ্ছে। উপজেলার চেঙ্গী ইউনিয়নের ঘননাচরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, রামনিং দেওয়ান পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, হেলাধুলা পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ছোট তারাবন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এবং পুঙ্খগাং সরকারি প্রাথমিক বিদ্যালয় ২৫ জন শিক্ষক কর্মরত থাকার কথা থাকলেও এক হাজার ছাত্র-ছাত্রীর জন্য আছেন মাত্র ৫ জন শিক্ষক।

এলাকাবাসীর অভিযোগ শিক্ষক সংকটের কারণে পাঠদান চরমভাবে ব্যাহত হচ্ছে। কর্মরত শিক্ষকদের আবার প্রশাসনিক কাজে উপজেলা সদরেও দৌড়াদৌড়ি করতে হয়। হেলাধুলা পাড়া প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি অনিল মোহন ত্রিপুরা ও রামনিং দেওয়ানপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি উপদেষ্টা, স্থানীয় ওয়ার্ড মেম্বর কমল কিরণ ত্রিপুরা জানান, বিদ্যালয়গুলোতে পড়াশোনা শুনোর কেটায়। পর্যাপ্ত শিক্ষক নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাঝে পেন দরবার করা হচ্ছে।

উপজেলা শিক্ষা কর্মকর্তা উল্লেখিত বিদ্যালয়গুলোতে ১ জন করে শিক্ষক থাকার কথা স্বীকার করে বলেন, পুরো উপজেলাতেই শিক্ষক স্বল্পতা রয়েছে। তাছাড়া আনাদের স্থানীয় কর্তৃপক্ষকে না জানিয়ে অনেক শিক্ষক জেলা পরিষদে তদবির করে (পিটিআইতে) প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউশনে চলে যান নিজেদের ইচ্ছা অনুযায়ী।